



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
আইসিটি শাখা



২০২০-২১ অর্থবছরে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের উদ্ভাবনী কার্যক্রম সংক্রান্ত ৬ষ্ঠ সভার কার্যবিবরণ।

সভাপতি	ড. মহ. শের আলী যুগ্মসচিব (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	২৮ জানুয়ারি ২০২১ খ্রি
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	যুগ্মসচিব (প্রশাসন) এর অফিস কক্ষে
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং বিগত সভার অগ্রগতি সম্পর্কে জানতে চান। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব ও উপসচিব (বাজেট) মোহাম্মাৎ ফারহানা রহমান গত ২০ ডিসেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত সর্বশেষ সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি তুলে ধরেন। তিনি উল্লেখ করেন যে, উদ্ভাবনের সক্ষমতা বৃদ্ধির জন্য ০২ (দুই) দিনের প্রশিক্ষণ পেট্রোবাংলায় ভেন্যু নির্বাচন করে আগামী ১০ ও ১১ ফেব্রুয়ারি ২০২১ সময়ে তারিখ নির্ধারণ করা হয়েছে। প্রত্যেক দপ্তর/সংস্থা হতে ০২ (দুই) জন করে প্রশিক্ষণার্থীর মনোনয়ন চাওয়া হয়েছে এবং উক্ত প্রশিক্ষণের জন্য প্রশিক্ষক প্রেরণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। এ পরিপ্রেক্ষিতে সভাপতি বলেন যে, মোট ৩০ জনের অংশগ্রহণে এ প্রশিক্ষণে অন্তত ৬ (ছয়) টি ইনোভেশন আইডিয়া পাওয়া যায়, সে লক্ষ্যমাত্রা নিয়ে এবং তা বাস্তবায়নের সকল ব্যবস্থা গ্রহণ করতে হবে। তাছাড়া, তিনি আগামী ১৮ ফেব্রুয়ারি ২০২১ তারিখে ০১ (এক) দিনের কর্মশালার উপর গুরুত্বারোপ করে বলেন যে, প্রতিটি দপ্তর/সংস্থা/কোম্পানিকে তাদের ইনোভেশন আইডিয়া প্রজেক্টেশনের সুযোগ করে দিতে হবে। কেননা প্রতিটি ইনোভেশন আইডিয়ার প্রজেক্টেশন ভালোভাবে পর্যবেক্ষণ করে তাদের সুবিধা, অসুবিধা, সীমাবদ্ধতার কথা বিবেচনা করে গঠনমূলক মতামত, অনুপ্রেরণা ও সহযোগিতা প্রদান করতে হবে। দপ্তর/সংস্থা/কোম্পানির সকল ইনোভেশন আইডিয়ার একটা তালিকা প্রস্তুত করতে হবে এবং উক্ত ইনোভেশন আইডিয়া বাস্তবায়নের অগ্রগতি জানার জন্য ফলোআপ করতে হবে। কারণ এসব ইনোভেশন আইডিয়া অনেক সময় পরিচর্যার অভাবে, সিদ্ধান্তের অভাবে এবং অর্থের অভাবে বাস্তবায়ন হয় না। ফলে উদ্ভাবক উৎসাহ হারিয়ে ফেলে এবং তাদের মনে নেতিবাচক প্রভাব পড়ে।

০২। সদস্য-সচিব সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, ইনোভেশন বার্ষিক কর্মসম্পাদন পরিকল্পনার কার্যক্রমের ১১.১ এর লক্ষ্যমাত্রার বিপরীতে একটি ডিজিটাল সেবা তৈরীর বিষয়ে এ বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের দৈনন্দিন কর্মসূচি অনলাইন ভিত্তিক করা হয়েছে। গত ২৪ জানুয়ারি ২০২০ তারিখে এ প্রসঙ্গে একটি অফিস আদেশ জারি করা হয়েছে। এ বিভাগের তথ্য বাতায়নে ই-সেবা লিংকে সিনিয়র সচিব মহোদয়ের দৈনন্দিন কর্মসূচি নামে সেবাটি পাওয়া যাবে। এ বিভাগের নেটওয়ার্কের আওতায় যে কোনো কম্পিউটার হতে এটি ব্যবহার করা যাবে। তিনি আরও উল্লেখ করেন যে, গত ২০ ডিসেম্বর ২০২০ তারিখে ইনোভেশনের ৫ম সভার সিদ্ধান্তে উক্ত সেবাটি এ বিভাগের দপ্তর/সংস্থায় সম্প্রসারণের জন্য গত ২৬ জানুয়ারি ২০২১ তারিখে চূড়ান্ত অফিস আদেশ জারি করা হয়। গত ২০ আগস্ট ২০২০-২০২১ অর্থবছরের ইনোভেশন কমিটির ২য় সভায় একটি ডিজিটাল সেবা তৈরীর জন্য এ বিভাগের প্রোগ্রামার জনাব মো: মাফরুল আলমকে দায়িত্ব প্রদান করা হলে তিনি তা যথাসময়ে সম্পন্ন করেছেন। এজন্য তাকে আর্থিক সম্মানী অথবা সম্মাননা পত্র অথবা মৌখিক স্বীকৃতি প্রদান করা যেতে পারে। সভাপতি এ মর্মে বলেন যে, সিনিয়র সচিব মহোদয়ের দৈনন্দিন কর্মসূচির তথ্য অনলাইনে আপলোডের জন্য নির্ধারিত কর্মকর্তা-কর্মচারীকে ১/২ দিনের প্রশিক্ষণ অথবা প্রয়োজন মাফিক প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। উক্ত ডিজিটাল সেবাটি সার্বজনীন করার জন্য

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর সার্ভারে হোস্টিং এর জন্য প্রশাসন-১ অধিশাখাকে পত্র প্রেরণের জন্য অনুরোধ করা যেতে পারে।

০৩। সভাপতি স্টোর ম্যানেজমেন্ট সফটওয়্যার তৈরির কার্যক্রমের অগ্রগতি জানতে চান। কমিটির সদস্য ও সিস্টেম এনালিস্ট জনাব মো: কবির উদ্দিন এ প্রসঙ্গে বলেন যে, কয়েকটি সফটওয়্যার কোম্পানির সাথে যোগাযোগ করা হয়েছে। এর মধ্য হতে IJM Soft নামক সফটওয়্যার কোম্পানি একটি URL Link পাঠিয়েছে যেখানে তাদের স্টোর ম্যানেজমেন্ট সফটওয়্যারের ডেমো-ভার্সন প্রদর্শন করা আছে। উক্ত লিংকে ব্রাউজ করে দেখা যায় যে, সফটওয়্যারটি সুন্দরভাবে তৈরী করা হয়েছে। বিবেচ্য অর্থবছরের মধ্যে লক্ষ্যমাত্রাটি বাস্তবায়নে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।


০৪। আলোচ্যসূচি অনুযায়ী কমিটির সদস্য ও সিস্টেম এনালিস্ট জনাব মো: কবির উদ্দিন জানান যে, গত ১০ জানুয়ারি ২০২১ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত পত্রে এ বিভাগের ২০২০-২১ অর্থবছরের ইনোভেশন কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন আগামী ৪ ফেব্রুয়ারি ২০২১ তারিখের মধ্যে সফট ও হার্ডকপি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের অনুরোধ জানিয়েছেন। এ পরিপ্রেক্ষিতে ইনোভেশন কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন গত ২৮ জানুয়ারি ২০২১ তারিখে প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত প্রতিবেদনে ১৫ টি উদ্দেশ্য ও ৩৪ টি কার্যক্রম নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি ও অন্যান্য সদস্যবৃন্দের মূল্যবান মতামত গ্রহণ করা হয়। উক্ত মতামতের উপর ভিত্তি করে চূড়ান্ত প্রতিবেদন ০৪ ফেব্রুয়ারি ২০২১ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। তিনি আরও উল্লেখ করেন যে, গত বছরের ভুলগুলো পুনরাবৃত্তি যেন না ঘটে সে বিষয়ে লক্ষ্য রাখতে হবে। মন্ত্রিপরিষদ বিভাগের মূল্যায়নে যেন সম্মানজনক অবস্থানে অবস্থান করা যায় সে বিষয়ে সকলকে দিক নির্দেশনা প্রদান করেন।

০৫। ইনোভেশন কমিটির বিগত সভার সিদ্ধান্তসমূহ শতভাগ অর্জন/বাস্তবায়নের জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।

০৬। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	বিবরণ	সিদ্ধান্ত বাস্তবায়নকারী
৯.১	আগামী ২৫ ফেব্রুয়ারি ২০২১ তারিখের মধ্যে ইনোভেশন কমিটির ৭ম সভা আয়োজন করতে হবে;	সদস্য সচিব
৯.২	২০২০-২১ অর্থবছরের ইনোভেশনের অর্ধবার্ষিক কর্মপরিকল্পনা স্বমূল্যায়ন প্রতিবেদন ৪ ফেব্রুয়ারি ২০২১ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে;	সদস্য সচিব
৯.৩	স্টোর ম্যানেজমেন্ট সফটওয়্যার তৈরির জন্য ভেন্ডর কোম্পানি নির্বাচন করতে হবে;	কমিটির সকল সদস্য
৯.৪	উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে পেট্রোবাংলায় অনুষ্ঠেয় আগামী ১০-১১ ফেব্রুয়ারি ২০২১ সময়ে ০২ দিনের প্রশিক্ষণ যথাযথভাবে আয়োজন করতে হবে;	কমিটির সকল সদস্য
৯.৫	১ (এক) দিনের ইনোভেশন কর্মশালা আয়োজনের জন্য আগামী ১৫ ফেব্রুয়ারি ২০২১ তারিখের মধ্যে কার্যক্রম গ্রহণ করতে হবে;	সদস্য সচিব
৯.৬	স্টোর ম্যানেজমেন্ট সফটওয়্যার সংক্রান্ত ব্যয় কোন কোড হতে নির্বাহ করা হবে এবং কোন প্রক্রিয়ায় ক্রয় করা হবে তা আগামী সভায় উপস্থাপন করতে হবে; এবং	বাজেট অধিশাখা
৯.৭	ইনোভেশন কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ শতভাগ অর্জন ও বাস্তবায়ন করতে হবে।	কমিটির সকল সদস্য

১০। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. মহ. শের আলী

যুগ্মসচিব (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০১১.৯৯.০০৪.১৮.৩৪

তারিখ: ১৪ মাঘ ১৪২৭

২৮ জানুয়ারি ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) যুগ্মসচিব, পরিকল্পনা অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ২) উপসচিব, উন্নয়ন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৩) উপসচিব, অপারেশন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৪) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৫) প্রোগ্রামার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৬) সহকারি মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)



মোহাম্মাৎ ফারহানা রহমান

উপসচিব